

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মুকসুদপুর, গোপালগঞ্জ
www.maksudpur.gov.bd

স্মারক নং- ০৫.৩০.৩৫৫৮.০০১.৩১.০০৮.২৩ - ২৬৬

তারিখ : ২৪ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ
০৭ মে, ২০২৩ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি


স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনী গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরী শর্তাবলী সম্পর্কিত বিধিমালা/২০১৫ ও স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা ২০১১ এর সংশোধিত বিধিমালা ২০১৬ মোতাবেক গোপালগঞ্জ জেলাধীন মুকসুদপুর উপজেলার নিম্নোক্ত ইউনিয়ন পরিষদের পার্শ্বে উল্লিখিত ওয়ার্ডের শূন্য পদে মহল্লাদার (গ্রাম পুলিশ) নিয়োগের জন্য সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।


ইউনিয়ন পরিষদের নাম	পদের নাম	পদের সংখ্যা	ওয়ার্ড নম্বর	বেতন	বয়স	শিক্ষাগত যোগ্যতা
০২। পশারগাতী	মহল্লাদার	০২	০২ ও ০৯	সরকার কর্তৃক নির্ধারিত	১৮- ৩০	মহল্লাদার পদে ৮ম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
০৩। বহুগ্রাম	মহল্লাদার	০১	০২			
০৪। বাঁশবাড়িয়া	মহল্লাদার	০১	০২			
০৫। ভাবড়াগুর	মহল্লাদার	০২	০৫ ও ০৭			
০৬। রাঘদী	মহল্লাদার	০১	০৬			
০৭। ননীক্ষীর	মহল্লাদার	০১	০৭			

শর্তাবলী:

- আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। মহল্লাদার পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়ার্ডের প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
- পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি, বুকের মাপ ৩০ ইঞ্চি(স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) এবং ওজন ন্যূনতম ৫০ কেজি। মহিলা প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতা ৫ ফুট, বুকের মাপ ২৮ ইঞ্চি(স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) ও ওজন ন্যূনতম ৪৫ কেজি হতে হবে।
- আবেদনকারী/প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্মতারিখ, বয়স (০৭/০৫/২০২৩ তারিখের), শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) দাখিলসহ নিম্নস্বাক্ষরকারী বরাবর ২৮/০৫/২০২৩ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে আবেদন সরাসরি বা ডাক যোগে দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত কোন আবেদন গ্রহণ করা হবে না।
- আবেদনপত্রের সাথে আবেদনকারী/প্রার্থীর ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০৩ কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা রঙ্গিন ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদ ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি(গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) এবং সংশ্লিষ্ট ওয়ার্ড ও ইউনিয়নের স্থায়ী বাসিন্দা মর্মে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান প্রদত্ত নাগরিকত্ব/সনদপত্র দাখিল করতে হবে। জাতীয় পরিচয়পত্র ছাড়া আবেদন গ্রহণযোগ্য হবেনা।
- নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় জারীকৃত বিধিবিধান ও কোটা অনুসরণ করা হবে।
- প্রাপ্ত সকল দরখাস্ত প্রাথমিক বাছাইয়ের পর উপযুক্ত আবেদনকারী/প্রার্থীগণকে বাছাই কমিটির মৌখিক সাক্ষাতকারে উপস্থিত হতে হবে। সাক্ষাতকারে উপস্থিত আবেদনকারী/প্রার্থীকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- আবেদনকারী/প্রার্থীর প্রাপ্ত তথ্য ভুয়া প্রমাণিত হলে আবেদনপত্র/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

- ৮) নিয়োগপ্রাপ্ত আবেদনকারী/প্রার্থীকে থানায় এক মাস সংযুক্ত করে প্রশিক্ষণ প্রদান করা হবে। কোন নিয়োগপ্রাপ্ত আবেদনকারী/প্রার্থী সন্তোষজনকভাবে প্রশিক্ষণ সমাপ্ত করতে ব্যর্থ হলে নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- ৯) কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল/পদের সংখ্যা বৃদ্ধি বা কমানোর অধিকার সংরক্ষণ করেন।
- ১০) এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ সাক্ষাতকার গ্রহণ করতে কিংবা পদে নিয়োগ করতে বাধ্য থাকবে না।


(এস.এম. ইমাম রাজী টুলু)
উপজেলা নির্বাহী অফিসার
মুকসুদপুর, গোপালগঞ্জ
☎ ০২-৪৭৮৮২২৭২৯


E-mail: unomaksudpur @mopa.gov.bd


স্মারক নং- ০৫.৩০.৩৫৫৮.০০১.৩১.০০৮.২৩ - ২৬৬(৫০)

তারিখ : ২৪ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ
০৭ মে, ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ০১। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
- ০২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, গোপালগঞ্জ।
- ০৩। উপজেলা.....কর্মকর্তা, গোপালগঞ্জ সদর। বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ।
- ০৪। সহকারী প্রোগ্রামার, মুকসুদপুর, গোপালগঞ্জ। উপজেলা ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। চেয়ারম্যান, পশারগাতি/বহুগ্রাম/বাঁশবাড়িয়া/ভাবড়া/রাঘদী/ননীক্ষীর ইউপি, মুকসুদপুর, গোপালগঞ্জ সদর। ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থান, হাট বাজারে প্রচারের জন্য এবং ইউনিয়ন তথ্য বাতায়নে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ০৬।
- ০৭। নোটিশ বোর্ড।


(এস.এম. ইমাম রাজী টুলু)
উপজেলা নির্বাহী অফিসার
মুকসুদপুর, গোপালগঞ্জ

